

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.legislativediv.gov.bd

বিষয়: আইন কমিশন হতে প্রাপ্ত ২০২৩ সালের বার্ষিক প্রতিবেদনে উল্লিখিত সুপারিশ পর্যালোচনার লক্ষ্যে আয়োজিত সভার কার্যবিবরণী।

আইন কমিশন কর্তৃক লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরিত বার্ষিক প্রতিবেদন ২০২৩ এ উল্লিখিত সুপারিশসমূহ পর্যালোচনার লক্ষ্যে ৩০-৫-২০২৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার, বেলা ১০:০০ ঘটিকায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সচিব (রুটিন দায়িত্ব) ড. হাফিজ আহমেদ চৌধুরী এর সভাপতিত্বে (কক্ষ নং-৬২৮, ভবন নং-৪, বাংলাদেশ সচিবালয়) একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যগণের তালিকা (পরিশিষ্ট 'ক') সংযুক্ত।

২। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়াবলী উপস্থাপনের জন্য যুগ্মসচিব (ডা:) ড. মোহাম্মদ মহিউদ্দীনকে আহ্বান জানান।


৩। ড. মোহাম্মদ মহিউদ্দীন সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়াবলী উপস্থাপন করেন। তিনি আইন কমিশন হতে প্রাপ্ত প্রতিবেদনে উল্লিখিত সুপারিশসমূহ সভায় উত্থাপন করেন। তিনি বলেন, আইন কমিশন উহার ২০২৩ সনে সম্পাদিত কার্যের বার্ষিক প্রতিবেদনে অন্যান্য বিষয়ের মধ্যে (ক) সাক্ষ্য আইন, ২০২৪ এর সংক্ষিপ্তসার, ধারণাপত্র ও সুপারিশ এবং খসড়া আইন; (খ) মামলা দ্রুত নিষ্পত্তি ও মামলার জট হ্রাসকরণে সুপারিশ সম্বলিত প্রতিবেদন; এবং (গ) বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি আইন (খসড়া), ২০২৩ সম্পর্কে সুপারিশ প্রদান করেছে। উক্ত সুপারিশসমূহ Rules of Business, 1996 অনুযায়ী, আইন ও বিচার বিভাগ এবং বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের কার্যপরিধিভুক্ত।

৪। সচিব মহোদয় আইন কমিশন কর্তৃক ২০২৩ সালে সম্পাদিত কার্যের বার্ষিক প্রতিবেদনে উল্লিখিত সুপারিশসমূহের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।

৫। সামগ্রিক আলোচনা এবং উপস্থিত কমিটির সদস্যদের সর্বসম্মতিক্রমে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়, যথা:—

- (ক) সাক্ষ্য আইন, ২০২৪ এর সংক্ষিপ্তসার, ধারণাপত্র ও সুপারিশ এবং খসড়া আইন সংক্রান্ত সুপারিশটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দ্রুত আইন ও বিচার বিভাগে প্রেরণ করতে হবে;
- (খ) মামলা দ্রুত নিষ্পত্তি ও মামলার জট হ্রাসকরণ সংক্রান্ত সুপারিশ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দ্রুত আইন ও বিচার বিভাগে প্রেরণ করতে হবে; এবং
- (গ) বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি আইন (খসড়া), ২০২৩ সংক্রান্ত সুপারিশটি দ্রুত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করতে হবে।

৬। সভায় আর কোনো আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(ড. হাফিজ আহমেদ চৌধুরী)
সচিব (রুটিন দায়িত্ব)
2/3/2024

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কর্মসম্পাদন সূচক নং ২.৪.১

অনুযায়ী আইন কমিশন কর্তৃক প্রদত্ত সুপারিশ পর্যালোচনার লক্ষ্যে সভা আয়োজন প্রসঙ্গে।

সভাপতি: সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

তারিখ ও সময়: ৩০ মে ২০২৪ খ্রিস্টাব্দ, বৃহস্পতিবার, ১০:০০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা

| ক্রমিক নং | নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ | টেলিফোন নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|--------------|---|-----------------------------------|--|----------|
| ১। | ড. মোহাম্মদ মহিউদ্দীন যুগ্মসচিব (ডাফটিং) | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০১৭১৬৭৮৯৪৫৭ mohiuddin@legislative.gov.bd | |
| ২। | মোহাম্মদ আসাদুজ্জামান নূর যুগ্মসচিব (ডাফটিং) | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০১৯১৬০৩৯০২৭ asad@legislative.gov.bd | |
| ৩। | মোহাম্মদ জিয়া উদ্দীন সিস্টেম এনালিস্ট | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০১৭৪৯৬৯৯৪২১ system.analyst@legislative.gov.bd | |
| ৪। | গাজী কালিমুল্লাহ উপসচিব (লে:অ:) | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০১৭৪৬৬৩০০০৬ gazikalimullah@legislative.gov.bd | |
| ৫। | মোহাম্মদ আবু কাওছার উপসচিব | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০১৭১২৫৭৭২৬৩ ds.planning@legislative.gov.bd | |
| ৬। | মোঃ সাহিনুর রহমান সিনিয়র সহকারী সচিব | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০১৯১২০৬৭৫৩৯ shahin@legislative.gov.bd | |
| ৭। | মোঃ শাহজাহান মিয়া সিনিয়র সহকারী সচিব (লে:অ:) | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০১৬২৪১৩৩৭৩৩ shahjahan@legislative.gov.bd | |
| ৮। | মোঃ আশিকুজ্জামান সহকারী সচিব | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০১৯১২৮০৪৩৫২ ma.zaman@legislative.gov.bd | |
| ৯। | মোঃ আরিফ রব্বানী খান সহকারী সচিব (লে:অ:) | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০১৭২১১০৭২৯৪ arif.rabbani@legislative.gov.bd | |
| ১০। | সৌমেন পালিত বাবু সহকারী সচিব কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০১৮১৪৩৭১৫৫৬ sowmen.babu@legislative.gov.bd | |